গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮/২০১৯-২০২০
ঢাকা, ২২ জুলাই সোমবার ২০১৯, ৭ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মৎস্যখাতে অনিয়মে জড়িতদের বিচারের আওতায় আনতে হবে : জাতীয় মৎস্য সপ্তাহের অনুষ্ঠানে রাষ্ট্রপতি
২। অর্থনৈতিক কূটনীতির ওপর জোর দিতে হবে : লন্ডনে দূত সম্মেলনে প্রধানমন্ত্রী
৩। বিরোধীদলীয় নেতার মৃত্যুতে সমবেদনা জানাতে রওশন এরশাদের বাসায় স্পিকার
৪। প্রিয়া সাহার ব্যাখ্যা না শুনে মামলা না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী
২০২১ সালের ডিসেম্বর মাসে স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে মেট্রোরেল-৬ উদ্বোধন করা হবে : সেতুমন্ত্রী
৫। প্রিয়া সাহার বক্তব্য রাষ্ট্রদ্রোহিতার শামিল : তথ্যমন্ত্রী
৬। প্রিয়া সাহা ডোনাল্ড ট্রাম্পকে মিথ্যা তথ্য দিয়েছেন : আইনমন্ত্রী
৭। ডোনাল্ড ট্রাম্পকে মিথ্যা বলেছেন প্রিয়া সাহা : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা
৮। ঢাকার জলাবদ্ধতা নিরসনে অনেক অগ্রগতি হয়েছে : স্থানীয় সরকার মন্ত্রী
৯। প্রকল্প বাস্তবায়নে ইচ্ছাকৃত দেরি হলে ব্যবস্থা : শিল্পমন্ত্রী
১০। প্রতিটি বিভাগীয় শহরে ক্যান্সার ও কিডনি হাসপাতাল নির্মাণ করা হবে : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী
১১। ২০২০ সালে ফাইভ-জি'র লাইসেন্স দেয়া হবে : ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী
১২। জাতীয় ঈদগাহে ঈদুল আজহার প্রধান জামাত সকাল ৮ টায়
১৩। ঈদের আগে-পরে ছয় দিন ফেরিতে ট্রাক কাভার্ড ভ্যান পারাপার বন্ধ

চলমান পাতা-২

১। **মৎস্যখাতে অনিয়মে জড়িতদের বিচারের আওতায় আনতে হবে : জাতীয় মৎস্য সপ্তাহের অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, উন্নয়ন অব্যাহত রাখতে মৎস্য ও প্রাণিসম্পদ খাতে অনিয়মের সঙ্গে জড়িতদের অবশ্যই বিচারের আওতায় আনতে হবে। জলাশয়ে মৎস্য অবমুক্ত করাসহ সব ধরনের কাজে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে গতকাল (২১ জুলাই রোববার) বঙ্গভবনের দরবার হলে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, মৎস্যখাতের বিশাল সম্ভাবনা রয়েছে। এ সুযোগ গ্রহণের জন্য মৎস্য অধিদপ্তরসহ এ খাতে নিয়োজিত সব সরকারি ও বেসরকারি সংস্থা, স্বেচ্ছাসেবী ও বাণিজ্যিক সংস্থাগুলোর দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

২। **অর্থনৈতিক কূটনীতির ওপর জোর দিতে হবে : লন্ডনে দূত সম্মেলনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউরোপের বিভিন্ন দেশে বাংলাদেশের রাষ্ট্রদূতদের রাজনৈতিক কূটনীতির পাশাপাশি অর্থনৈতিক কূটনীতির ওপর গুরুত্বারোপের আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গত ২০ জুলাই শনিবার লন্ডনে স্থানীয় একটি হোটেলে প্রথমবারের মতো আয়োজিত বাংলাদেশি রাষ্ট্রদূতদের সম্মেলনে যোগ দিয়ে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, আমাদের চলমান উন্নয়ন কর্মসূচি যাতে অব্যাহত থাকে, সেজন্য রাজনৈতিক কূটনীতির পাশাপাশি অর্থনৈতিক বিষয়ে আরও গুরুত্ব দিতে হবে। ইউরোপের বিভিন্ন দেশে নিযুক্ত ১৫ জন রাষ্ট্রদূত, হাইকমিশনার এবং স্থায়ী প্রতিনিধি এ সম্মেলনে যোগ দেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৩। **বিরোধীদলীয় নেতার মৃত্যুতে সমবেদনা জানাতে রওশন এরশাদের বাসায় স্পিকার**

প্রয়াত বিরোধীদলীয় নেতা হুসেইন মুহম্মদ এরশাদের স্ত্রী রওশন এরশাদকে সমবেদনা জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২১ জুলাই রোববার) বিরোধীদলীয় উপনেতা রওশন এরশাদের গুলশানের বাসভবনে যান স্পিকার। সেখানে প্রায় এক ঘণ্টা অবস্থান করেন তিনি। রওশন এরশাদকে সমবেদনা জানিয়ে স্পিকার বলেন, তিনি এরশাদের মৃত্যুর সময় যুক্তরাষ্ট্রে ছিলেন। বিরোধীদলীয় নেতার মৃত্যুতে তিনি ব্যথিত হয়েছেন। এরশাদের রুহের মাগফিরাত কামনা করে তাঁর স্ত্রীকে সান্ত্বনা ও সমবেদনা জানান স্পিকার শিরীন শারমিন চৌধুরী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

৪। **প্রিয়া সাহার ব্যাখ্যা না শুনে মামলা না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী**

**২০২১ সালের ডিসেম্বর মাসে স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে মেট্রোরেল-৬ উদ্বোধন করা হবে : সেতুমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি প্রিয়া সাহা কেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর নির্যাতনের অভিযোগ করেছেন, সে ব্যাখ্যা না শুনে তড়িঘড়ি কোনো আইনি ব্যবস্থায় না যেতে নির্দেশ দিয়েছেন। গতকাল (২১ জুলাই রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ঢাকা মেট্রোরেল নেটওয়ার্কের সময়বদ্ধ পরিকল্পনার ব্র্যান্ডিং-বিষয়ক সেমিনার শেষে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানান। বাস্তবায়নাধীন মেট্রোরেল প্রকল্প প্রসঙ্গে সেতুমন্ত্রী বলেন, মেট্রোরেল তরুণ প্রজন্মের স্বপ্নের প্রকল্প। মেট্রোরেল নির্মাণের কাজ দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। প্রকল্প বাস্তবায়নে কিছুটা দুর্ভোগ হবে। এ সাময়িক দুর্ভোগ মেনে নেওয়ার জন্য নগরবাসীর কাছে অনুরোধ করছি। বাকি রুটগুলো ২০৩০ সালের মধ্যেই সম্পন্ন হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

৫। **প্রিয়া সাহার বক্তব্য রাষ্ট্রদ্রোহিতার শামিল : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, প্রিয়া সাহার বক্তব্য রাষ্ট্রদ্রোহিতার শামিল। অবশ্যই তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। একই সঙ্গে কারা তাকে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে সেখানে পাঠিয়েছেন সে বিষয়টিও খতিয়ে দেখা হবে। গতকাল (২১ জুলাই রোববার) সচিবালয়ে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। যুক্তরাষ্ট্রে প্রিয়া সাহার দেওয়া বক্তব্য প্রসঙ্গে মন্ত্রী আরো বলেন, বাংলাদেশে এখন সাম্প্রদায়িক সম্প্রীতি বিরাজ করছে। তাই প্রিয়া সাহার বক্তব্যটি দেশের বিরুদ্ধাচরণ ছাড়া আর কিছু না। তিনি যুক্তরাষ্ট্রে কিভাবে গেলেন, কেন এ ধরনের বক্তব্য দিলেন, তার সুষ্ঠু তদন্তের প্রয়োজন রয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

৬। **প্রিয়া সাহা ডোনাল্ড ট্রাম্পকে মিথ্যা তথ্য দিয়েছেন : আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে প্রিয়া সাহা যেসব তথ্য দিয়েছেন তা মিথ্যা। প্রিয়া সাহা তার কোনো ব্যক্তিগত ইচ্ছা চরিতার্থ করার জন্যই এসব বলেছেন। এ বিষয়ে কোনো গোষ্ঠী জড়িত আছে কিনা তা খতিয়ে দেখা হবে। গতকাল (২১ জুলাই রোববার) বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে সহকারী জজদের ৩৯তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৭। ডোনাল্ড ট্রাম্পকে মিথ্যা বলেছেন প্রিয়া সাহা : প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে মিথ্যা বলেছেন প্রিয়া সাহা। তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তাঁর সরকার অন্যান্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করার নীতিতে বিশ্বাসী নন। তাছাড়া এ ধরনের মিথ্যা দাবি বিশ্বাস করার মতো নয়। গতকাল (২১ জুলাই রোববার) সজীব ওয়াজেদ জয় ফেসবুকে তাঁর ভেরিফায়েড পেজে এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬)।

**৮। ঢাকার জলাবদ্ধতা নিরসনে অনেক অগ্রগতি হয়েছে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, ঢাকার জলাবদ্ধতা নিরসনে অনেক অগ্রগতি হয়েছে। তবে এ দুর্ভোগ থেকে রাতারাতি মুক্তি পাওয়া সম্ভব নয়। গত ৪০ থেকে ৫০ বছরে ঢাকা শহরকে দূষিত করা হয়েছে। গতকাল (২১ জুলাই রোববার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে চট্টগ্রামের কর্ণফুলী নদীসহ ঢাকার চারপাশের নদীগুলোর দূষণ ও দখল রোধ এবং নাব্যতা বৃদ্ধির জন্য গৃহীত মাস্টারপ্ল্যান অবহিতকরণ সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**৯। প্রকল্প বাস্তবায়নে ইচ্ছাকৃত দেরি হলে ব্যবস্থা : শিল্পমন্ত্রী**

যেসব প্রকল্প পরিচালক (পিডি) ইচ্ছাকৃতভাবে প্রকল্প বাস্তবায়নে দেরি করেছেন বলে প্রতীয়মান হবে, তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, প্রকল্প বাস্তবায়নে সফল কর্মকর্তাদের পুরস্কারের পাশাপাশি ব্যর্থ কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ( ২১ জুলাই রোববার) ২০১৮-২০১৯ অর্থবছরে শিল্পমন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় তিনি এ হুঁশিয়ারি দেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৮,ক.৬**), নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪)।

**১০। প্রতিটি বিভাগীয় শহরে ক্যান্সার ও কিডনি হাসপাতাল নির্মাণ করা হবে : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, প্রতিটি বিভাগীয় শহরে একটি করে ক্যান্সার ও কিডনি হাসপাতাল এবং জেলা শহরে ২৫০ শয্যা হাসপাতাল নির্মাণ করা হবে। দেশে এক কোটি লোক ডায়াবেটিস রোগে আক্রান্ত। ৪০ লাখ লোক জানে না তাদের ডায়াবেটিস রোগ আছে। আমাদের কাজ হল জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা। মানুষের চাহিদা খাদ্য, বাসস্থান, শিক্ষা। তার থেকে বড় চাহিদা চিকিৎসাসেবা। গতকাল (২১ জুলাই রোববার) মানিকগঞ্জের হিজুলীতে ৫০ শয্যা ডায়াবেটিক হাসপাতাল উদ্বোধন শেষে ডায়াবেটিক সমিতির বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

**১১। ২০২০ সালে ফাইভ-জি'র লাইসেন্স দেয়া হবে : ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী**

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, ২০২০ সাল থেকে বাংলাদেশে ফাইভ-জি ব্যবহারের লাইসেন্স দেয়া হবে। ২০২১ থেকে ২০২৩ সালে ফাইভ-জি সর্বস্তরে চালু হবে। এ প্রযুক্তি পৃথিবীতে এক নতুন সভ্যতার জন্ম দেবে। গতকাল (২১ জুলাই রোববার) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন, বাংলাদেশ (আইইবি) কাউন্সিল হলে আইইবি কম্পিউটার কৌশল বিভাগ আয়োজিত 'ফাইভ-জি: দি ফিউচার নেটওয়ার্ক' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব বলেন। তিনি আরও বলেন, প্রযুক্তির পরিবর্তনের সঙ্গে খাপখাওয়াতে পারলে পৃথিবীতে নেতৃত্বে দেবে বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদৃষ্টিসম্পন্ন প্রজ্ঞাবান নেতৃত্বে গত দশ বছরে প্রতিটি উন্নয়ন সূচকে অভাবনীয় অগ্রগতি অর্জন করেছে। এ ধারা অব্যাহত থাকলে ২০৪১ সালের বাংলাদেশ হবে সমৃদ্ধির বাংলাদেশ, জাতির পিতার লালিত স্বপ্নের সোনার বাংলা। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

**১২। জাতীয় ঈদগাহে ঈদুল আজহার প্রধান জামাত সকাল ৮ টায়**

ঈদুল আজহার প্রধান জামাত সকাল ৮ টায় জাতীয় ঈদগাহে অনুষ্ঠিত হবে। আবহাওয়া খারাপ হলে সকাল-সাড়ে ৮ টায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে জামাত অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আবদুল্লাহ। গতকাল (২১ জুলাই রোববার) ধর্ম মন্ত্রণালয়ের সভাকক্ষে আসন্ন ঈদুল আজহা উদ্‌যাপন সংক্রান্ত এক আন্তঃমন্ত্রণালয় সভায় তিনি এ সিদ্ধান্তের কথা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬)।

**১৩ । ঈদের আগে-পরে ছয় দিন ফেরিতে ট্রাক কাভার্ড ভ্যান পারাপার বন্ধ**

নিত্যপ্রয়োজনীয় পণ্য ও কোরবানির পশুবাহী ট্রাক ছাড়া ঈদের আগের তিন দিন ও পরের তিন দিন ফেরিতে সাধারণ ট্রাক এবং কাভার্ড ভ্যান পারাপার বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। নৌ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ সব তথ্য জানানো হয়েছে। ঈদুল আজহা উপলক্ষে গতকাল (২১ জুলাই রোববার) বিদ্যুৎ ভবনে লঞ্চ-ফেরি ও অন্য জলযান সুষ্ঠুভাবে চলাচল, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী। সূত্র **: ইত্তেফাক (**পৃ.৩,ক.১**), জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল, যায়যায়দিন, যুগান্তর, সংবাদ, ইনকিলাব :** রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ছেলেধরা সন্দেহে যেভাবে গণপিটুনির ঘটনা ঘটছে, তা নৃশংস ও নৈরাজ্যকর উল্লেখ করে গুজব ও সন্দেহের ভিত্তিতে আইন নিজের হাতে তুলে নেওয়ার এ ধরনের নৈরাজ্য অবিলম্বে বন্ধ করার দাবি।

**খ.** **যায়যায়দিন :** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে বাংলাদেশের সংখ্যালঘু সম্পর্কে প্রিয়া সাহার বক্তব্য প্রদানের ঘটনায় সারাদেশে তোলপাড় শুরু হয়েছে উল্লেখ করে তার এ অভিযোগের বিষয়টি খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**গ.** **বণিকবার্তা :** ঢাকা বিভাগে অনুমোদিত পদের অনেক বেশি চিকিৎসক থাকলেও দেশের প্রত্যন্ত অঞ্চলে চাহিদার বিপরীতে চিকিৎসক, নার্সসহ জনস্বাস্থ্যকর্মীর ব্যাপক সংকট রয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে তৃণমূলে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ, যুগান্তর :** রাজধানীতে ডেঙ্গুজ্বরের ব্যাপকতায় উদ্বেগ প্রকাশ করে ডেঙ্গু প্রতিরোধে সতর্ক ও সচেতন হওয়ার আহ্বান।

**ঙ.** **জনকণ্ঠ :** এশিয়ান সেন্টার ফর ডেভেলপমেন্ট (এসিডি) এর জরিপে পোশাকশিল্পের সাতটি গ্রেডের চারটিতেই কাজ করছে আধা ও অদক্ষ শ্রমিক এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ শ্রমিক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর ফুটওভারব্রিজগুলো পথচারীবান্ধব করার সুপারিশ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বিভিন্ন খাদ্যপণ্যের ভেজালের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'বিদেশি বিনিয়োগের পরিবেশ ও প্রাসঙ্গিক কথা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বিদেশি বিনিয়োগ এমন হতে হবে যা আমাদের দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে।

#

ডালিয়া/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/ ৯.০০ঘন্টা